
# আজ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৫১তম মৃত্যুবার্ষিকী



শেখ মুজিবুর রহমান। ছবি: সংগৃহীত

আজ ১৫ আগস্ট। ১৯৭৫ সালের এই দিনে ঢাকার ধানমন্ডির ৩২ নম্বরের বাসভবনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয়। বাংলাদেশের ইতিহাসে দিনটি একটি গভীরভাবে আলোচিত ও বিতর্কিত অধ্যায় হিসেবে স্থান পেয়েছে।

১৯৭৫ সালের ১৫ আগস্ট ভোরে সেনাবাহিনীর একদল সদস্য ধানমন্ডির বাসভবনে হামলা চালায়। ওই ঘটনায় শেখ মুজিবুর রহমান ছাড়াও তার পরিবারের কয়েকজন সদস্য ও ঘনিষ্ঠজন নিহত হন।

নিহতদের মধ্যে ছিলেন বঙ্গবন্ধুর স্ত্রী শেখ ফজিলাতুন্নেছা মুজিব, ছেলে শেখ কামাল, শেখ জামাল ও শিশু শেখ রাসেল। নিহত হন দুই পুত্রবধূ সুলতানা কামাল ও রোজী জামালও।

এ ছাড়া বঙ্গবন্ধুর ভাই শেখ নাসের, ভগ্নিপতি আবদুর রব সেরনিয়াবাত ও তার পরিবারের সদস্যরা, বঙ্গবন্ধুর ভাগ্নে ও মুক্তিযুদ্ধের সংগঠক শেখ ফজলুল হক মণি ও তার স্ত্রী আরজু মণি, আবদুল নাঈম খান রিন্টু এবং কর্নেল জামিলসহ আরও কয়েকজন ওই ঘটনায় নিহত হন।

LENS ASIA

সেসময় বঙ্গবন্ধুর দুই মেয়ে শেখ হাসিনা ও শেখ রেহানা দেশের বাইরে থাকায় তারা প্রাণে বেঁচে যান।

পরবর্তী সময়ে আওয়ামী লীগ সরকারের সময়ে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস হিসেবে পালিত হয়ে আসছিল। দিনটিকে সরকারি ছুটিও ঘোষণা করা হয়েছিল। তবে ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ ছাড়ার পর অন্তর্বর্তী সরকার ১৫ আগস্টের সরকারি ছুটি বাতিল করে।